**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল জেফারসন কাউন্টিতে বন্যা স্থিতিস্থাপকতা প্রকল্পসমূহের নির্মাণকাজ শুরু হওয়ার ঘোষণা করলেন

***আলেক্সান্ড্রিয়া বে এবং আলেক্সান্ড্রিয়া টাউনে নতুন নৌকার ডক ও লঞ্চ, হাঁটার ট্রেইল এবং বন্যা প্রতিরোধক ব্যবস্থা নির্মাণে প্রায় 4 মিলিয়ন মার্কিন ডলার***

***নিউ ইয়র্ক স্টেটের 300 মিলিয়ন মার্কিন ডলার স্থিতিশীলতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের অংশ***

***স্টেট ডিপার্টমেন্টের 618,000 মার্কিন ডলারের স্থানীয় ওয়াটারফ্রন্ট পুনরুজ্জীবন অনুদানের সম্পূরক***

***পূর্বের বন্যায় ক্ষতির ছবি দেখা যাবে এখানে***

***ইভেন্টের ছবি দেখা যাবে এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, জেফারসন কাউন্টিতে বন্যা স্থিতিস্থাপকতা প্রকল্পসমূহের একটি সিরিজের নির্মাণকাজ শুরু হয়েছে। আলেক্সান্ড্রিয়া টাউন ও আলেক্সান্ড্রিয়া বে গ্রাম সংলগ্ন যে চারটি প্রকল্পের কাজ শুরু হতে যাচ্ছে তাদের স্টেটের লেক অন্টারিও স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) মাধ্যমে 3.8 মিলিয়ন মার্কিন ডলার অনুদান তহবিল প্রদান করা হয়েছে।

"লেক অন্টারিও এবং সেইন্ট লরেন্স রিভার সংলগ্ন অনেক ওয়াটারফ্রন্ট কমিউনিটি শক্তিশালী, বিধ্বংসী বন্যা ও ঝড়ের ফলে মারাত্মক সমস্যার সম্মুখীন হয়েছে, এবং এই প্রকল্পগুলি তাদেরকে পূর্বের থেকেও বেশি ভালো, বুদ্ধিমান এবং স্থিতিস্থাপক পুনর্গঠনে সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "প্রকৃতি আমাদের দিকে যাই নিক্ষেপ করুক তার জন্য প্রস্তুত থাকতে আমাদের স্টেটের অবকাঠামোকে অভিযোজিত ও মজবুত করার ব্যাপারে আমরা নিবিড়ভাবে মনোযোগী। আজকে আলেক্সান্ড্রিয়া বে গ্রামে এবং আলেক্সান্দ্রিয়া টাউনে যেই প্রকল্পগুলির কাজ শুরু হচ্ছে সেগুলি এই সম্প্রদায়গুলিকে ভবিষ্যতের ঝড় এবং পানি বেড়ে যাওয়ার ঘটনা থেকে সুরক্ষিত রাখবে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য তাদের সমৃদ্ধি নিশ্চিত করতে সাহায্য করবে।"

"সেইন্ট লরেন্স নদী এবং লেক অন্টারিও সংলগ্ন উল্লেখযোগ্য বন্যার পরে, নিউ ইয়র্ক স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগ শুরু করার মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করেছে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "উদ্যোগটির একটি অংশ হিসেবে, আজকে আমরা চারটি নতুন প্রকল্প ঘোষণা করেছি যেগুলি আলেক্সান্ড্রিয়া বে গ্রাম এবং আলেক্সান্ড্রিয়া টাউনের ডক এবং ওয়াটারফ্রন্ট সংস্কার করবে এবং ভবিষ্যতের ক্ষয়ক্ষতি প্রশমন করবে।"

আলেক্সান্ড্রিয়া বে গ্রাম এবং আলেক্সান্ড্রিয়া টাউন 2019 সালে বিধ্বংসী বন্যার সম্মুখীন হয়েছিলো, যখন লেক অন্টারিও এবং সেইন্ট লরেন্স নদীর পানি ঐতিহাসিক মাত্রায় বৃদ্ধি পেয়েছিলো। বিস্তৃত বন্যার ফলে টাউন এবং গ্রাম উভয়ের সরকারি অবকাঠামোতে ব্যাপক ক্ষয়ক্ষতি হয় যার মধ্যে আছে ডক, বোট লঞ্চ, হোয়ার্ফ এবং পানি পরিশোধনাগার ফ্যাসিলিটি। ডক বন্ধ হয়ে যায় এমন সম্প্রদায়ের জন্য খুবই কঠিন যারা পর্যটনভিত্তিক অর্থনীতি দিয়ে চালিত হয় এবং বিনোদনমূলক নৌকাচালক এবং মৎস্যশিকারীদের অঞ্চলে আসার উপর নির্ভর করে। আলেক্সান্ড্রিয়া বে গ্রামকে তিনটি প্রকল্পের জন্য REDI কমিশন থেকে 3.36 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। আলেক্সান্ড্রিয়া টাউনকে তাদের REDI প্রকল্প শেষ করার জন্য 455,000 মার্কিন ডলার পরদিন করা হয়েছে। আজকের ঘোষণার মধ্যে রয়েছে:

1. **আপার এবং লোয়ার জেমস স্ট্রিট ডক, 2 মিলিয়ন মার্কিন ডলার:** আপার এবং লোয়ার জেমস স্ট্রিট ডকগুলি আলেক্সান্ড্রিয়া বে গ্রামের অত্যাবশ্যকীয় অ্যাক্সেস পয়েন্ট, শুধু গ্রামের সীমানার মধ্যকার আনুমানিক 20টি দ্বীপের বাসিন্দাদের জন্য নয়, বরং গ্রামের সীমার বাইরের দ্বীপ ও ওয়াটারফ্রন্ট বাসিন্দাদের জন্যও। ডকগুলি সেইন্ট লরেন্স নদী থেকে যারা নৌকা করে আসে তাদের মূল পোর্টাল হিসেবে দর্শনার্থী ও পর্যটকদের জন্য একটি গেটওয়ে হিসেবে কাজ করে, যা জেমস স্ট্রিট ব্যবসা জেলার প্রতি সরাসরি অ্যাক্সেস প্রদান করে। 2019 সালের বন্যার সময়, ডকগুলি পানির নিচে চলে যায় এবং নৌকা চালকদের ব্যবহারের যোগ্য থাকে না। ভবিষ্যতে পানি বেড়ে গেলে যাতে ডকগুলি ব্যবহারযোগ্য থাকতে পারে তা নিশ্চিত করার জন্য, সম্পূর্ণ লোয়ার জেমস স্ট্রিট ডককে একটি ভাসমান ডক ব্যবস্থা দ্বারা প্রতিস্থাপিত করা হবে। অবশিষ্ট আপার জেমস স্ট্রিট ডকটি বন্যা সীমার উপরে উত্থিত করা হবে।

2. **সিনিক ভিউ পার্ক পিয়ার, 1.1 মিলিয়ন মার্কিন ডলার:** গ্রামের সিনিক ভিউ পার্ক একটি তিন একরের পাবলিক পার্ক যা সেইন্ট লরেন্স নদীর তীরে অবস্থিত, এবং এখানে আছে একটি প্যাভিলিয়ন, একটি পাবলিক সৈকত, একটি কমিউনিটি খেলার মাঠ এবং একইসাথে নদী সংলগ্ন একটি কংক্রিট হোয়ার্ফ। হোয়ার্ফটি লম্বায় 200 ফুট, এবং এটি সম্প্রদায়ের সবথেকে বড় ডকিং অবস্থানগুলির একটি এবং এটি আলেক্সান্ড্রিয়া বে গ্রামের একমাত্র সরকারি স্থান যেখানে বড় নৌকা ও ক্রুজ জাহাজের জায়গা হতে পারে। 2019 সালে, হোয়ার্ফটি সম্পূর্ণভাবে ডুবে যায়, যার ফলে কাঠামোটির মারাত্মক অবনতি হয় এবং একাধিক স্থানে এটি ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে হোয়ার্ফের কিছু অংশ অস্থিতিশীল হয়ে পড়ে। REDI কর্মসূচির মাধ্যমে, হোয়ার্ফের কিছু অংশ মেরামত করা হবে বা সম্পূর্ণভাবে প্রতিস্থাপিত হবে যা ভবিষ্যতের ক্ষয়ক্ষতি প্রশমন করবে এবং পানির মাত্রা গড়ের বেশি হয়ে গেলেও এর ব্যবহার অব্যাহত থাকবে। এছাড়াও প্রকল্পে সাইটের বাড়তি উন্নয়ন অন্তর্ভুক্ত

থাকবে যেমন নতুন কংক্রিট ওয়াকওয়ে, একটি আমেরিকানস উইথ ডিজ্যাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অনুসারী হুইলচেয়ার ও স্ট্রলার লিফ্ট স্থাপন, এবং হোয়ার্ফ ও ওয়াকওয়েতে আলোর ব্যবস্থা করা।

3. **গ্রামের পানি পরিশোধনাগার প্ল্যান্ট, 260,000 মার্কিন ডলার:** আলেক্সান্ড্রিয়া বে গ্রামের পানি পরিশোধনাগার প্ল্যান্ট বাণিজ্যিক সম্পত্তিগুলিতে, রিভার হাসপাতালে, এবং গ্রামের বাসিন্দাদের এবং একইসাথে পানি জেলার বাইরের ছয়টি টাউন আলেক্সান্ড্রিয়া, অর্লিন্স, ক্লেটন, এবং টেরেসাতে পানীয় জল সরবরাহ করে। সেইন্ট লরেন্স নদীর কাছে হওয়ার কারণে, পানি বেড়ে যাওয়ার ঘটনায়, পানি পরিশোধনাগার প্ল্যান্টটিতে বন্যা হওয়া মাত্র কয়েক ইঞ্চির ব্যাপার। পরিশোধনাগার প্ল্যান্ট এবং ওয়েট ওয়েল উভয় ঢেউয়ের সংস্পর্শে আসে যা সহজেই দুই ফুট উচ্চতার হতে পারে এবং ওয়েট ওয়েল ছাড়িয়ে যেতে পারে। ওয়েট ওয়েল এবং পানি পরিশোধনাগার প্ল্যান্টে বন্যা হলে তা পানির মান ও উপলভ্যতাকে ব্যাহত করবে। এই প্রকল্পের জন্য বন্যা প্রশমন ব্যবস্থার মধ্যে রয়েছে পানি ফিলট্রেশন প্ল্যান্টে একটি কংক্রিট স্ল্যাব বসানো যাতে করে কাজ শেষ হওয়ার পর মেঝের উচ্চতা পানি বৃদ্ধির ঐতিহাসিক মাত্রার থেকে উপরে থাকে। এছাড়াও কাঁচা পানির ওয়েট ওয়েলে একটি নতুন প্রিকাস্ট সেকশন যোগ করা হবে যাতে করে এটি পানির উচ্চতার উপরে থাকে।এই প্রকল্পে এছাড়াও একটি রিপর্যাপ স্থাপন করা হবে যা পানি ফিলট্রেশন প্ল্যান্টকে ঢেউয়ের প্রভাব থেকে রক্ষা করবে এবং বাহ্যিক দেওয়াল উন্নত করা হবে।

4. **গুজ বে বোট লঞ্চ, 455,000 মার্কিন ডলার:** আলেক্সান্ড্রিয়া টাউন গুজ বে বোট লঞ্চের মালিক এবং এর রক্ষণাবেক্ষণ করে। লঞ্চটি গুজ বে-র বাসিন্দা ও দর্শনার্থীদের কাছে জনপ্রিয়, এবং একইসাথে শিকারি ও মৎস্যশিকারীদের কাছেও জনপ্রিয় যেহেতু এটি সেইন্ট লরেন্স নদীতে সহজে আসা যাওয়া করতে দেয়। নৌকার র্যা ম্পটি 2019 সালে নদীর পানির মাত্রা বেড়ে যাওয়ার ফলে পানির নিচে ডুবে গিয়েছিলো এবং এর নিচু বাল্কহেড উচ্চতার কারণে এটি পানি বেড়ে গেলে ব্যবহার করা যায় না। আবার, পানি কম থাকার সময়, নৌকার র্যা ম্পটি নিরাপদে নৌকা শুরু করার জন্য বে থেকে পর্যাপ্ত দূর পর্যন্ত বিস্তৃত হয় না এবং র্যা ম্পের প্রান্তের অঞ্চলটি অতিরিক্ত অগভীর এবং এর ড্রেজিং প্রয়োজন। গুজ বে বোট লঞ্চে যেই স্থিতিস্থাপকতা ব্যবস্থা গৃহীত হবে তার মধ্যে আছে কংক্রিট বাল্কহেডটিকে উঁচু করা, বোট র্যা ম্পের প্রান্তে ড্রেজিং করা এবং একটি নতুন বোট র্যা ম্প স্থাপন করা। পাশাপাশি, বিদ্যমান পার্কিং এলাকাকেও বড় করা হবে এবং একটি পথচারীদের ওয়াকওয়ে নির্মাণ করা হবে।

**এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং REDI কমিশনের সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন,** "আলেক্সান্ড্রিয়া বে একটি আঞ্চলিক সম্পদ যা বাসিন্দা ও দর্শনার্থীদের এর জলাশয়ের সৌন্দর্য ও প্রাচুর্য দ্বারা আকৃষ্ট করে। যখন সেই একই জলাশয় পুরো অঞ্চলের উপকূলরেখার সম্প্রদায়গুলির জন্য বিস্তৃত ক্ষয়ক্ষতি করে, তখন নিউ ইয়র্ক স্টেট রেকর্ড মাত্রার উঁচু পানির সীমার দ্বারা ক্ষতিগ্রস্ত বাড়ি, ব্যবসা ও পার্ক, পানি অবকাঠামো এবং ম্যারিনার মতো অতি গুরুত্বপূর্ণ মিউনিসিপ্যাল সম্পদ সুরক্ষায় সাহায্য করতে REDI-র মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করে।

এখন কাজ শুরু হতে যাওয়া সর্বশেষ এই প্রকল্পগুলি অঞ্চলের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে এবং এটি সেইন্ট লরেন্স ও লেক অন্টারিও সংলগ্ন সম্প্রদায়গুলিকে আরো শক্তিশালী, আরো জলবায়ু স্থিতিস্থাপক হিসেবে গঠন করতে নিউ ইয়র্কের অব্যাহত প্রতিশ্রুতির প্রমাণ।"

**নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট রড্রিগেজ বলেন,** "অনেক লেকফ্রন্ট সম্প্রদায়ের মতো, আলেক্সান্ড্রিয়া বে গ্রাম এবং আলেক্সান্ড্রিয়া টাউনও লেক অন্টারিওর পানি বেড়ে যাওয়ার কারণে সৃষ্ট চরম বন্যার সাথে অপরিচিত নয়। এসব REDI অর্থায়িত প্রকল্প পর্যটন এবং ঘরের বাইরের বিনোদনকে পালন করবে এবং নিশ্চিত করবে যাতে স্থানীয় ওয়াটারফ্রন্ট পুনরুজ্জীবন কর্মসূচির (Local Waterfront Revitalization Program) মাধ্যমে করা স্টেট ডিপার্টমেন্টের (Department of State) বিনিয়োগ গ্রামের ডাউনটাউন এলাকা থেকে ওয়াটারফ্রন্টে যাওয়া আসার অ্যাক্সেস উন্নত করে।"

**এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন,** "গ্রামের পানি পরিশোধনাগার ফ্যাসিলিটি সমর্থন ও সুরক্ষা করা বাসিন্দাদের জনস্বাস্থ্য এবং আলেক্সান্ড্রিয়া বে-র সমৃদ্ধ পর্যটন শিল্পের জন্য সব থেকে বেশি গুরুত্বপূর্ণ। EFC 260,000 মার্কিন ডলারের অনুদান দিয়ে অতি গুরুত্বপূর্ণ পানি পরিশোধনাগার প্ল্যান্ট অগ্রসর করতে পেরে গর্বিত যা নিশ্চিত করতে সাহায্য করবে যাতে গ্রামটি ভবিষ্যতে বন্যার জন্য আরো ভালোভাবে প্রস্তুত থাকে। স্থানীয় নেতৃবৃন্দের দ্বারা অগ্রাধিকার পাওয়া, আজকে ঘোষিত প্রকল্পের মাইলফলক হলো নিউ ইয়র্কের উপকূলীয় সম্প্রদায়সমূহকে আরো শক্তিশালী হয়ে পুনর্গঠন করাতে এবং ঘনঘন পানি বেড়ে যাওয়ার ঘটনায় আরো স্থিতিস্থাপক করতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের টেকসই অঙ্গীকারের প্রমাণ। গভর্নরের REDI কর্মসূচির সমর্থনে নিউ ইয়র্ক স্টেটের মিউনিসিপ্যালিটিগুলিকে অনুদান প্রদান করার মাধ্যমে, EFC অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সুরক্ষায় সহায়তা করতে পারে যেগুলি আমাদের উপকূলরেখার দীর্ঘমেয়াদি স্থিতিস্থাপকতার অবদান রাখবে।"

**স্টেটের সিনেটর প্যাটি রিচি বলেন,** "আলেক্সান্ড্রিয়া বে হলো থাউজেন্ড আইল্যান্ডের প্রধান গন্তব্যগুলির একটি, এখানে নৌকা চালানো, মাছ ধরা, গ্রামের টাউনটাউন উপভোগ করা বা শুধু সেইন্ট লরেন্স নদী সংলগ্ন অপরূপ দৃশ্য উপভোগ করার অসীম সুযোগ রয়েছে। আমি এই গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহে স্টেটের বিনিয়োগের জন্য কৃতজ্ঞ, এটি বাসিন্দা ও দর্শনার্থীদের এই এলাকাকে আরো বেশি উপভোগ করতে সাহায্য করবে।"

**অ্যাসেম্বলি সদস্য মার্ক ওয়ালজিক বলেন,** "ফ্রন্ট ইয়ার্ড অফ আমেরিকার (Front Yard of America) গেটওয়ে হিসেবে, 'অ্যালেক্স বে' একটি অর্থনৈতিক এবং সাংস্কৃতিক হাব যা এছাড়াও পরিশ্রমী নাগরিকদের আবাসস্থল যাদের পানি পরিশোধনাগার ফ্যাসিলিটির উন্নয়ন, এবং উন্নত বোট র্যা ম্পসহ বে, কায়াক লঞ্চ, এবং গুজ বে, আপার ও লোয়ার জেমস ডক এবং সিনিক ভিউ পার্ক পিয়ারে ডক ব্যবস্থা নির্মাণের মতো উন্নত সেবা প্রাপ্য। এই ধরনের REDI প্রকল্প আমাদের অঞ্চলের ভবিষ্যৎ ও বাস্তবোপযোগিতার জন্য বুদ্ধিমান বিনিয়োগ।"

**জেফারসন কাউন্টির চেয়ারম্যান উইলিয়াম জনসন বলেন,** "REDI কর্মসূচির মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট আমাদের অঞ্চলের প্রতি তাদের প্রতিশ্রুতি বার বার নিশ্চিত করে যাচ্ছে। আজকে কাজ শুরু হতে যাওয়া প্রত্যেকটি প্রকল্প এই পর্যটকচালিত সম্প্রদায়গুলিতে উল্লেখযোগ্য প্রভাব ফেলবে, এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে আলেক্সান্ড্রিয়া বে গ্রাম এবং আলেক্সান্ড্রিয়া টাউন পানি বেড়ে যাওয়া এবং বন্যার সময়ও সমৃদ্ধ থাকতে পারে।"

**আলেক্সান্ড্রিয়া বে গ্রামের মেয়র স্টিভেন জার্ভিস বলেন,** "আলেক্সান্ড্রিয়া বে গ্রাম নিকট ও দূরবর্তী এলাকা থেকে দর্শনার্থীদের আকৃষ্ট করে। আমাদের সম্প্রদায় এবং এর ব্যবসা এই পর্যটন কর্মকাণ্ডের উপর নির্ভর করে। যদি আমাদের উপকূলরেখার অবকাঠামো 2019 সালের বন্যার সময় যেমন ছিলো তেমনই অস্থিতিশীল হয়, থামলে এটি সম্পূর্ণ অঞ্চলের উপর নেতিবাচক প্রভাব ফেলে। আমরা স্টেটের সাথে অংশীদারিত্ব, এবং পানি বেড়ে গেলেও আপার ও লোয়ার জেমস স্ট্রিট ডকস এবং সিনিক ভিউ পার্ক হোয়ার্ফের মতো অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো খোলা ও অ্যাক্সেসিবল রাখা নিশ্চিত করতে সাহায্য করতে REDI দলের সমর্থনের জন্য কৃতজ্ঞ।"

**আলেক্সান্ড্রিয়া টাউনের সুপারভাইজর ব্রেন্ট সুইট বলেন,** "গুজ বে বোট র্যা ম্প প্রকল্পটিতে আলেক্সান্ড্রিয়া টাউনের বাসিন্দাদের জন্য এবং যেসকল দর্শনার্থীরা সারা বছর সেইন্ট লরেন্স নদী ও গুজ বে উপকূলরেখা ব্যবহার করে তাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ উন্নয়নকাজ অন্তর্ভুক্ত আছে। বসন্ত, গ্রীষ্ম এবং ফল মৌসুমে, নদী অ্যাক্সেস এলাকাগুলি বিনোদনের জন্য নৌকাচালক ও মৎস্যশিকারীদের দিয়ে ভরা থাকে। শীতকালীন মাসগুলিতে এই ফ্যাসিলিটি শীতকালীন ক্রীড়ার জন্য এবং প্রকৃতিপ্রেমিকেরা যাতে বরফে মাছ ধরা, স্নোমোবাইল চালানো, ক্রস কান্ট্রি স্কিয়িং এবং আরো অন্য অনেক কিছু করার সুযোগ উপভোগ করে। করদাতাগণ এবং জনসাধারণ দৃঢ়ভাবে এই প্রকল্প এবং এর উপাদানসমূহের প্রতি নিজেদের সমর্থনের কথা বলেছে, এবং আমরা এই প্রকল্পটির কাজ শুরু করতে পেরে আনন্দিত।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI-র মাধ্যমে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী সংলগ্ন বন্যাপ্রবণ অঞ্চলের সম্প্রদায়ের সুবিধার জন্য ও এলাকাসমূহের স্থিতিস্থাপকতা উন্নত করতে স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প সৃষ্টির পর থেকে, 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ চলছে, যার মধ্যে 56টি নকশা পর্যায়ে, 37টি নির্মাণ পর্যায়ে, এবং 41টি প্রকল্প শেষ হয়েছে।

এছাড়াও আলেক্সান্ড্রিয়া টাউন এবং আলেক্সান্ড্রিয়া বে গ্রামকে স্টেট ডিপার্টমেন্টের স্থানীয় ওয়াটারফ্রন্ট পুনরুজ্জীবন কর্মসূচি থেকে একটি পরিবেশগত সুরক্ষা তহবিলের (Environmental

Protection Fund, EPF) মাধ্যমে 618,000 মার্কিন ডলার প্রদান করা হয়েছে, যা এইসব REDI প্রকল্পসমূহের সম্পূরক হিসেবে কাজ করবে। মিউনিসিপ্যালিটিগুলি স্ট্রিটস্কেপ উন্নয়ন নকশা করেছে এবং বর্তমানে তা স্থাপন করছে, যেমন সাইডওয়াক মেরামত, বেঞ্চ, বাতি, ময়লা ফেলার স্থান, এবং একাধিক সড়কে বাইক র্যা ক (ফুলার স্ট্রিট, চার্চ স্ট্রিট, জেমস স্ট্রিট, অ্যান্থনি স্ট্রিট এবং ওয়াল্টন স্ট্রিট), সরকারি মালিকানাধীন সিনিক ভিউ পার্ক, সরকারি মালিকানাধীন ক্যাপ্টেন টমসন পার্ক, গ্রামের মিউনিসিপ্যাল অফিস এবং অন্যান্য। এই উন্নয়নগুলি ওয়াটারফ্রন্ট ও গ্রামের ডাউনটাউনের মধ্যকার সংযোগ উন্নত করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। হল্যান্ড স্ট্রিট এবং ক্রসম্যান স্ট্রিটে অবস্থিত দুইটি সরকারি মালিকানাধীন ডক এবং বোট লঞ্চেও উন্নয়ন কাজ চলছে, যেখানে বয়িষ্ণু ও ক্ষয়প্রাপ্ত অবকাঠামোর উন্নয়ন করা হবে। একত্রে, এই প্রকল্পগুলি গ্রামের ডাউনটাউনকে নতুন রিভারওয়াকের সাথে আরো ভালোভাবে সংযুক্ত করবে, কম প্রভাবের বিকাশের ব্যবস্থা করবে, নদীর অ্যাক্সেস উন্নত করবে, হাঁটার ব্যবস্থা করবে এবং স্থানীয় বাসিন্দা, ব্যবসা ও পর্যটকদের জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি করবে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418